# Directors' Report to the Shareholders

**Dear Shareholders,**

Assalam Alaikum and a very good morning.

The Board of Directors of Summit Alliance Port Limited (SAPL) welcomes you all to the 12th Annual General Meeting of the company. We are pleased to submit before you the operational activities and audited financial statements of the company for the year that ended on December 31, 2015.

The Directors' Report is prepared in compliance with section 184 of the Companies Act 1994, Bangladesh Securities and Exchange Commission's notification no- SEC/CMRRCD/2006-158/134/Admin/44 dated 7th August 2012 and other applicable laws and regulations.





## Business Activities

Established in December 2003 the Company is located in Patenga Industrial Area on the International Airport Road, Chittagong. SAPL is listed with Dhaka and Chittagong Stock Exchange effective from 16th October 2008. The company (SAPL) has three container depot (including one depot of erstwhile OCL) and all the depots have the certification from Global Security Verification (GSV) which is the leading international network for supporting the development and implementation of measures for enhancing global supply chain security. This GSV certificate has established the fact that the company has the appropriate security measures, as published by the US Bureau of Customs and Border Protection, in place and that these measures are implemented and maintained throughout the facilities. Company's valued clientele includes Maersk Line, APL, Damco, APL Logistics, Kuehne + Nagel, Expo Freight, Mediterranean Shipping Corporation, Hapag Lloyd, NYK, OOCL, CMA-CGM, Mitsui OSK Lines, PIL, Shipping Corporation of India, China Shipping Lines, Yang Ming Lines, UPS, DSV etc. as well as several other prestigious Main Line Operators and Freight Forwarders who are active in the country.

Principal activities of the company are to provide Off-Dock services to its valued clients and includes as under:

1. Inland Container Depot comprising transportation and storage of empty containers at the Yard and redelivery of the containers to various locations as per client's advice. Company also provides some customized services to its clients, such as Container condition survey, its repair and maintenance; Fumigation; etc

2. Container Freight Station: Comprising activities related to Export cargo handling as well as Import cargo handling and the services include:
   i. Receiving of export cargo, storage of the





same in bonded warehouse, documentation to complete formalities related to export, stuffing (loading) of the cargo in the container and transportation of the same after due Customs formalities to the Chittagong Port's Container Yard or Vessel Hook point as per Client's advice.

ii. Receiving import container from Chittagong Port's yard and transporting the same to SAPL's yard, documentation, un-stuffing of the import cargo after due customs formalities and handing over of cargo to clients.

Aside from above mentioned the Off-Dock services the Company has established a River Terminal, the first of its kind in the private sector, on 15 acres of Company's freehold land on the bank of Dhaleshwari River in Muktarpur under Munshiganj district is fully complete barring receipt of Bond License from Pangaon Customs House (under the authority of National Board of Revenue). The River Terminal, being similar in certain respects to the Chittagong Off-Dock establishment, shall have the bonded warehouse facilities with required handling equipment for Container Freight Station to handle export and import cargos as well as for storage of empty containers. In addition the company shall provide specialized vessels for transportation of containers to and from Chittagong Port. Once operational the River Terminal shall help the Exporters and Importers to be competitive by transporting cargo by less costly river transportation as well as help ease the pressure on the already overburdened Dhaka - Chittagong highway. The project cost has been financed by low cost foreign currency loan from FMO of Netherland and IDCOL of Bangladesh. We have received 1st tranche of the loan amounting to USD 17.50m to cover cost of construction of the facilities, procurement of handling equipment and one Vessel. The 2nd tranche of loan amounting to US$13.01m is against cost of four vessels.

In order to facilitate future expansion the company has also procured adjacent land measuring in total 13.70 acre.






**SAPL has two subsidiary companies as under:**

- Cemcor Limited (Cemcor): SAPL holds all but 4 shares of the company's 1,758,300 ordinary shares of Tk.10/- each. Cemcor is a private limited company. Cemcor in turn owns 100% shares of Wahid Spinning Mills Limited (WSML) which was purchased from its promoters on 19th September 1999. WSML was incorporated as private limited company on 6th September 1999 under the Companies' Act 1994. Neither Cemcor nor its subsidiary (WSML) is operative.

- Container Transportation Services Limited (CTSL) was formed as a private limited company on 25th November 2013 under Companies Act 1994 with the main objective to transport containerized export/import cargo to/from Chittagong Port and other Depots. For this purpose the Company has initially procured 20 Prime Movers with equal number of trailers and commenced operation from July 2014. SAPL owns 99% shares of CTSL

## Financial Performance and Results

Segment wise performance compared with last year is detailed below:

Taka in Thousand

| Particulars | 2015 Consolidated Position | 2014 Restated Consolidated Position |
|---|---|---|
| | Total | Total |
| Revenue | 1,019,787 | 881,718 |
| Cost of Services (Operating Expenses) | (658,195) | (562,884) |
| Gross Profit | 361,592 | 318,834 |
| Administrative & Sales Promotion Expenses | (120,582) | (110,040) |
| Operating Profit | 241,010 | 208,794 |
| Other Income | 2,852 | 1,656 |
| Loss on sale of Investments | (12,848) | - |
| Less: Finance Cost | (21,425) | (14,558) |
| Less: Contribution to Beneficiaries' Profit Participation | (10,403) | (9,848) |
| Profit Before Tax | 199,186 | 186,044 |
| Provision for Income Tax | (36,402) | (51,509) |
| Deferred Tax on temporary difference between accounting and tax depreciation | (13,204) | (16,287) |
| Net Profit after Tax | 149,580 | 118,248 |

Taking into consideration balance of profit available for distribution, Directors of the Company would like to report the company's financial results for the year ended 31st December 2015 with the recommendations for appropriation as follows:

Appropriation of Profit

Taka in Thousand

| | 2015 |
|---|---|
| Retained Earnings at 31st December 2015 (Note-15 to Financial Statements 2015) | 245,675 |
| Appropriation recommended by the Board in its meeting held on 22nd February 2016<br>Dividend for the year 2015: | |
| • Cash Dividend: NIL (2014:10%) | - |
| • Stock Dividend: 10% (2014:5%) | 171,762 |
| Retained Earnings at 31st December 2015: Net after Appropriations recommended | 73,913 |

## Dividend

Board of Directors of the Company recommended 10% Stock Dividend, i.e. one share for 10 shares held on the Record Date (21st March 2016) for 2015 in its meeting held on 22nd February 2016 subject to approval of the shareholders in the ensuing 12th Annual General Meeting.

**Management Discussions and Analysis**

√ **Industry outlook and possible future development**

The Off-Dock Industry, being directly tied to the Country's trade performance, continued to experience strong growth of 9.98% in 2015. While Export cargo volume, with the majority being related to the Ready Made Garments (RMG) industry, experienced lower growth than usual of only 3.28% this was offset by the strong Import cargo volumes which enjoyed a growth of 26.88% in same period. This strong growth in import cargo was assisted by the release of additional 8 import items from Chittagong Port which brought the total number of import items being handled by the Off-Docks to 37.

While the Chittagong based Off-Docks, with their extensive infrastructure facilities, proven capacity and experienced management will continue to be a vital part of the country's Trade Supply Chain we envisage that the riverine container handling facilities being constructed near Dhaka shall also gain prominence in the coming years. The Govt. owned Pangaon Inland Container Terminal has recently commenced operations and SAPL's River Terminal at Muktarpur, Munshiganj is also scheduled to start trial operations shortly. Considering that a large portion of the Export & Import trade is based in the Dhaka and Greater Dhaka area the mentioned facilities will offer a geographic advantage to the end clients.

Given the occasional circumstances that can make cargo transport by road (especially the vital Dhaka - Chittagong Highway) unsafe it is hoped that the upcoming River Terminals, with cargo transported through the river network, will provide a much needed risk mitigation for the Exporters & Importers who are presently solely dependent on road use.

√ **Business Performance: Detail under 'Business Activities'**

- **Risks and Concerns**

Off-Dock operation is highly dependent on the efficiency of handling exports and imports by Chittagong Port that generate from International trade of the Country. Therefore any disruption in Chittagong Port operation will have adverse impact on the trade volume of the Country and have consequential effect on the business of the Company. However given the importance of Chittagong Port as the gateway for over 90% of the country's containerized export and import cargo we do not foresee the Government allowing such a situation arising. Besides the dependency on Chittagong Port, the project is close to the Bay of Bengal and thereby risking the possibility of being affected by sea driven natural calamities. However the recently constructed protection embankment by the Bangladesh Water Development Board has reduced this risk greatly. Furthermore the same embankment has been earmarked to be part of the Asian Super Highway which should lead to further strengthening of the structure and thereby minimizing any potential risk from sea driven calamities. Finally, all Off-Dock Companies are dependent on renewing permission/clearance from Chittagong Custom House (NBR), Chittagong Port Authority and various other relevant Government Agencies. Delay at any stage can have consequential effect in smooth continuation of the operation.

- **Financial Performance**
  Operating Revenue of the company for the year 2015 was Tk.1,019.8m compared to Tk.881.7m of last year reflecting a growth of around 15.7% over last year.

  **Extra-Ordinary Gain or Loss**

  There was no extra-ordinary gain during the year under report. However the financial result for the year includes capital loss of Tk.12.8 m from disposal of 'available for sale financial assets'. This resulted in decrease in Net Profit for the year under report.

- **Related Party Transaction**
  Refer to Note-31 on Financial Statements.

- **Utilization of proceeds from IPO**
  Not applicable

- **Explanation of financial results after IPO**
  Not applicable

- **Significant variance between Quarterly and Annual Financial Statements**
  There is no significant variance between Quarterly and Annual financial statements.

- **Remuneration of Directors**
  Remuneration, performance and other related perquisites/ benefits of Executive Directors are reviewed annually and approved by the Chairman and Managing Director. Non Executive Directors including Independent Directors are paid attendance fee per meeting and no other remuneration.

- **Financial Reporting Framework**
  - The Financial Statements prepared by the management of the Company present fairly its State of Affairs, the result of Operations, Cash Flows and Changes in Equity.
  - Proper Books of Accounts have been maintained.



- Appropriate Accounting Policies have been consistently applied in preparation of the Financial Statements and that the Accounting estimates are based on reasonable and prudent judgment.
- International Accounting Standards (IAS) and International Financial Reporting Standards (IFRS), as applicable in Bangladesh have been followed in preparation of the Financial Statements.
- The Company maintains a sound Internal Control System which gives reasonable assurance against any material misstatement. The internal control system is regularly reviewed by the Company's Internal Audit Team.
- There are no significant doubts upon the Company's ability to continue as a going concern.
- Significant deviations from the last year's operating results of the Company, if any, have been highlighted herein before in this Report with reasons given as appropriate.
- Key operating and financial data of immediately preceding 5(five) years has been summarized in Annexure-2;
- Significant plans and decisions, such as corporate restructuring, business expansion and discontinuance of operations as appropriate, future prospects, risks and uncertainties surrounding the company has been outlined under the related captions of this report;
- The number of Board meetings held during the year and attendance by each director has been disclosed;
- The pattern of shareholding has been reported to disclose the aggregate number of shares in Annexure-3.

## Directors

- **Directors' meeting & attendance**

During the year ended December 31, 2015, the Board of Directors held seven (07) meetings. Name of the Directors and the number of meetings attended by each are given below:

| Name of Directors | Attended | |
|---|---|---|
| Mr. Muhammed Aziz Khan | 07 | |
| Mrs. Anjuman Aziz Khan | 04 | |
| Mr. Jowher Rizvi | 07 | |
| Mr. Abdul-Muyeed Chowdhury | 07 | Independent Director from 14-03-2012 |
| Mr. Lutfe Mawla Ayub | 06 | Independent Director from 08-04-2013 |
| Mr. Advocate Imtiaz Mahmood | 06 | Independent Director from 14-09-2014 |
| Mr. Md. Latif Khan | 07 | |
| Ms. Ayesha Aziz Khan | 05 | |
| Ms. Azeeza Aziz Khan | 06 | |
| Mr. Faisal Karim Khan | 03 | |
| Mr. Yasser Rizvi | 04 | |
| Mr. Nasser Rizvi | 06 | |
| Mr. Syed Fazlul Haque | 07 | |
| Captain Asif Mahmood | 07 | |

The Directors who could not attend the meetings were granted leave of absence.

**• Directors' Election & re-appointment**

As per Article 42 of the Company's Articles of Association Ms. Ayesha Aziz Khan, Ms. Azeeza Aziz Khan and Captain Asif Mahmood shall retire in the 12th Annual General Meeting by rotation and being eligible, offer them for re-election.

**• Audit Committee**

Audit Committee is comprised of Board members as under:

| | | | |
|---|---|---|---|
| 1. | Mr. Abdul-Muyeed Chowdhury | Independent Director | Chairman |
| 2. | Mr. Lutfe Mawla Ayub | Independent Director | Member |
| 3. | Mr. Yasser Rizvi | Addl. Managing Director | Member |
| 4. | Ms. Ayesha Aziz Khan | Director | Member |
| 5. | Ms. Azeeza Aziz Khan | Director | Member |
| 6. | Captain Asif Mahmood | Director | Member |

During the year under report, five meetings of the Audit Committee were held.

## Statutory Auditors

A. Qasem & Co, Chartered Accountants were appointed Statutory Auditors of the company in the 11th AGM for the year ended on 31st December 2015 replacing S. F. Ahmed & Co, Chartered Accountants who retired after completing three consecutive years of service as per BSEC Notification: SEC/CMRRCD/2009-193/104/Admin dated 27th July 2015. A. Qasem & Co. expressed their willingness to continue for another term and your Board, on recommendation of Audit Committee, has proposed A. Qasem & Co., Chartered Accountants, for re-appointment as Statutory Auditors of the Company for the next financial year and to continue in the office until holding of the 13th Annual General Meeting of the company, subject to approval of the Shareholders in the forthcoming 12th Annual General Meeting

## Business Expansion

The merged company is the first Off-Dock company in the private sector and commenced operations in April 1986 in the name of Ocean Containers Limited. Since then, your Board has been continuously striving to expand facilities and improve performance standard to accommodate the increased demand that arose from the confidence and trust our valued customers reposed on our high standard services. Your company today has approx. 78.50 acres of freehold land and has built Warehouse facilities of over 490,000sft for handling Export & Import cargo. Yard space of over 4 acre is presently under construction to cater to the additional demand for empty container storage. With the company's large client base, coupled with the consistent volume growth, your Board will continue to make all efforts to retain the existing clients, accommodate their growth and also procure further new clients.

A notable development in 2015 was the introduction of Warehouse Management System (WMS) which allowed SAPL to introduce a new revenue stream of rental income. Furthermore, contracts with existing top clients such as Damco, APL Logistics and Kuehne + Nagel were renewed at favorable terms,

whereby your company is committed to handle their business growth for the coming year.

The company's River Terminal is now complete and expected to commence trial operations within 1st quarter of 2016. Once operational, this river terminal not only will substantially expand SAPL's business activities, thereby improving revenue and profitability of the company but also offer an attractive alternative for the Dhaka based importers and exporters who are presently fully dependent on the congested Dhaka - Chittagong highway. The recently signed Coastal Protocol Agreement between the Governments of Bangladesh and India is also expected to provide strong business opportunities for cross-border cargo movement using the River Terminal in conjunction with river ways of both countries.

## Going concern

While approving the financial statements, Directors have made appropriate enquiries and analyzed the significant financial, operating as well as other indicators for enabling them to understand the ability of the company to continue its operations for a foreseeable period. Directors are convinced and have a reasonable expectation that the company has adequate resources to continue its operation consistently for the foreseeable future. Therefore the company adopted the going concern basis in preparing these financial statements.

## Corporate Governance

Corporate Governance is the system through which companies are directed, guided and controlled by the Board, keeping in view its accountability to the shareholders. Your company strives to maintain full compliance with the laws, rules and regulations that govern the business and to uphold the highest standards.

Since corporate governance is not a static process, we always continue to improve our practices. A separate chapter on corporate governance has been reported in this Annual Report.







## Corporate Social Responsibility

As part of the ongoing commitment to the society and environment in which the Company conducts its business, SAPL remains promise bound to perform its obligation. We shall continue our drive to further promote social and environmental improvements whenever opportunity arises.

## Status of Compliance

In order to adhere to the requirements of International Financial Reporting Standards (IFRS), as adopted by Institute of Chartered Accountants of Bangladesh, and other applicable laws and regulations the following salient issues have been considered in preparing the financial statements of the Company:–

a. Selection of suitable accounting policies and then applying them consistently.

b. Making judgments and estimates that are reasonable and prudent.

c. Ensure that the financial statements have been prepared in accordance with Bangladesh Financial Reporting Standards and comply with applicable regulations.

d. Preparation of financial statements on going concern basis.

A status report on compliance as per the Commission's Notification No.SEC/CMRRCD/2006-158/134/Admin/44 dated 7th August 2012 is enclosed in Annexure-1.

## Human Resources Management

People are the most important resource and key to the success of any organization. To develop and equip the employees with key skills, the company places great emphasis on the development of its people and hence efforts are made to send our people to various courses and workshop. Inhouse workshops are also arranged as and when required for updating knowledge on the respective functional areas.

## Acknowledgement

The trust and confidence that our valued customers bestow in us is our main driving force. We accept this trust in all humility and shall continue to strive to live up to the expectations. Board expresses its heartfelt thanks and gratitude to all the stakeholders including Investors, Clients, Suppliers, Banks & Financial Institutions, Insurance Companies, Service Providers, Bangladesh Securities & Exchange Commission, Registrar of Joint Stock Companies & Firms, Central Depository of Bangladesh Limited, Dhaka/Chittagong Stock Exchanges, various Government Authorities and agencies as well as Individuals who have helped us achieve what we are today.

Your Directors would like to put on record its deep appreciation of the efforts made by the employees of the Company. Their commitment and passion, both individually and through teamwork, have helped achieve SAPL that it is today. The Board also recognizes and appreciates the critical support provided by the families of the employees which enables them to focus on their work in SAPL.

We look forward to seeing you at our 12th Annual General Meeting.

On behalf of the Board of Directors,

**Jowher Rizvi**
Managing Director



# পরিচালকবৃন্দের প্রতিবেদন

**২০১৫ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত**
**শেয়ারহোল্ডারদের জন্য পরিচালকবৃন্দের প্রতিবেদন**

প্রিয় শেয়ার হোল্ডারবৃন্দ,

আস্‌সালামুআলাইকুম ও শুভ সকাল,

সামিট এল্যায়েন্স পোর্ট লিমিটেড (এসএপিএল) এর ১২তম বার্ষিক সাধারণ সভায় পরিচালনা পর্ষদের পক্ষ থেকে আপনাদের সবাইকে স্বাগত জানাচ্ছি। আপনাদের সামনে ৩১ শে ডিসেম্বর ২০১৫ তারিখে সমাপ্ত আর্থিক বছরের কোম্পানীর পরিচালনা কার্যক্রম এবং নিরীক্ষিত আর্থিক বিবরনী উপস্থাপন করতে পেরে আমরা আনন্দিত ।

পরিচালনা পর্ষদের প্রতিবেদন প্রনয়নের ক্ষেত্রে ১৯৯৪ সালের কোম্পানী আইনের ১৮৪ ধারা এবং ০৭ আগস্ট, ২০১২ তারিখে প্রকাশিত বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং এসইসি / সিএমআরআরসিডি/২০০৬ - ১৫৪/১৩৪/ এডমিন /৪৪ অনুসরণ করা হয়েছে।

## ব্যবসায়ীক কার্যক্রম:

সামিট এল্যায়েন্স পোর্ট লিমিটেড (এসএপিএল) প্রতিষ্ঠিত হয় ২০০৩ সালে চট্টগ্রাম বিমান বন্দর সড়কের নিকটবর্তী পতেঙ্গা শিল্পাঞ্চলে। এই কোম্পানীটির কার্যক্রম মূলত: অভ্যন্তরীন স্থলবন্দরের অনুরূপ সেবা প্রদান যার মধ্যে খালি কন্টেইনার মজুতকরণ এবং কন্টেইনার ফ্রেইট ষ্টেশন এর মাধ্যমে আমদানীকৃত পণ্যের আনস্টাফিং করণ এবং রপ্তানী যোগ্য পণ্যের কন্টেইনারে ষ্টাফিং করণ।

১৬ ই অক্টোবর ২০০৮ সাল হতে এসএপিএল ঢাকা স্টক এক্সচেঞ্জ এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ এর নিবন্ধিত একটি কোম্পানী। কোম্পানীটি তার সাবসিডিয়ারী প্রতিষ্ঠান ওশান কন্টেইনারস লিমিটেড (ওসিএল) কে গত ০১ অক্টোবর ২০১২ তারিখে ১৯৯৪ সালের কোম্পানী আইনের ২২৮ ধারা, (ধারা ২২৯ এর সংগে পঠিত) অনুযায়ী এবং অন্যান্য আইন ও সকল প্রযোজ্য বিধি ও একত্রিকরণ প্রক্রিয়া মেনে অধিগ্রহণ করেছে। বর্তমানে কোম্পানীর মোট ডিপোর সংখ্যা হলো তিনটি (বিলুপ্ত



কোম্পানী ওসিএল এর একটি ডিপো সহ) যার প্রতিটি গ্লোবাল সিকিউরিটি ভেরিফিকেশন (জিএসভি) এর সনদ প্রাপ্ত, যা কিনা বৈশ্বিক সাপ্লাই চেইন সিকিউরিটি সমৃদ্ধকরনের শর্তাবলির উন্নয়ন ও বাস্তবায়নের প্রধান আন্তর্জাতিক নেটওয়ার্ক এর সাথে কাজ করে। এই সনদ থাকার অর্থ হচ্ছে কোম্পানীটি তার ব্যবসায়িক সকল কার্যক্রমে আন্তর্জাতিক মানের সিকিউরিটির ব্যবস্থা নিশ্চিত করে, যা ইউএস কাষ্টমস্ এন্ড বর্ডার প্রটেকশন কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত প্রকাশনা থেকে অনুসৃত। কোম্পানীটির নামকরা গ্রাহকদের মধ্যে রয়েছে ডেমকো, মার্কস লাইন, এপিএল, এপিএল লজিষ্টিকস্, ইউপিএস, সিএমএ-সিজিএম, এনওয়াইকে, কে-লাইন, ওওসিএল, এমএসসি, হেপাগ-লোয়েড, কুনে+নাগেল লিমিটেড, শিপিং কর্পোরেশন অব ইন্ডিয়া, ইয়াংমিং লাইন, চায়না শিপিং, নরোশিয়া, ডিএসভি ও ড্যানজাস প্রমুখ তাছাড়া বাংলাদেশে পরিচালিত অন্যান্য ফ্রেইট ফরওয়ার্ডার ও রয়েছে।

কোম্পানীটির প্রধান ব্যবসা কার্যক্রম হলো সম্মানিত গ্রাহকদের অফ-ডক (অভ্যন্তরীন স্থলবন্দর) সেবা প্রদান করা এবং এই কার্যক্রম পরিচালনা করতে গিয়ে যে সকল সেবা প্রদান করা হয় তার সংক্ষিপ্ত বিবরন নিন্মে উপস্থাপন করা হলো:

১. ইনল্যান্ড কন্টেইনার ডিপো (আইসিডি)- খালি কন্টেইনার পরিবহন এবং মজুত করণ এবং পরবর্তিতে আবার গ্রাহকের চাহিদা অনুযায়ী নির্দিষ্ট গন্তব্যে পৌঁছে দেয়ার ব্যবস্থা করা।

২. কন্টেইনার ফ্রেইট স্টেশন (সিএফএস)- আমদানী ও রপ্তানী কৃত পণ্য, পরিবহন, মজুত করণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম পরিচালনা এবং এই ব্যবস্থায় যে সকল কার্যপরিচালনা বা গ্রাহক সুবিধা প্রদান করা হয়-

- গ্রাহকদের কাছ থেকে রপ্তানী পণ্য সমূহ গ্রহণ, গৃহিত পণ্য সমূহের কোম্পানীর বন্ডেড ওয়ারহাউজে মজুদ করন, মজুতকৃত এই সকল পণ্যের রপ্তানীর ও কাস্টমস্ সংক্রান্ত সকল দলিল দস্তাবেজ তৈরী ও অন্যান্য যাবতীয় আনুষ্ঠানিকতা সম্পন্নের মাধ্যমে উক্ত পন্য সমূহ গ্রাহকের চাহিদা মোতাবেক চট্টগ্রাম বন্দরের কন্টেইনার পোর্ট ইয়ার্ড এ পৌছানো এমনকি জাহাজী করন পর্যন্ত সুবিধা প্রদান।
- আমদানীকৃত পণ্যের কন্টেইনারের ক্ষেত্রে চট্টগ্রাম বন্দর থেকে কন্টেইনার খালাস করন কাস্টমস্ এবং আমদানী ক্ষেত্রে যাবতীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন করন শেষে কোম্পানীর ডিপোতে উক্ত পণ্য সমূহের আনস্টাফিং সম্পন্ন করে গ্রাহকদের চাহিদা অনুযায়ী সেগুলো নির্দিষ্ট গন্তব্যে পৌঁছানোর ব্যবস্থা করা।
- এছাড়া কোম্পানী গ্রাহকদের সুবিধার্থে কতিপয় বিশেষায়িত সেবা প্রদান করে থাকে। যেমন: কন্টেইনারের কার্যকারিতা পরিদর্শন ও পরিক্ষণ, এর মেরামত, রক্ষণা বেক্ষন এবং প্রযোজ্য ক্ষেত্রে বিজানুমুক্ত করণ ইত্যাদি।

উপরে বর্ণিত অব-ডক সার্ভিস ছাড়া অত্র কোম্পানী মুন্সিগঞ্জ জেলার মুক্তারপুরে ধলেশ্বরী নদীর তীরে কোম্পানীর নিজস্ব ১৫ (পনের) একর জায়গার উপর এই প্রথম বেসরকারী পর্যায়ে নৌ-কন্টেইনার টার্মিনাল স্থাপন করেছে। যেটা জাতীয় রাজস্ব বোর্ডের অধীনে পানগাঁও কস্টমস্ হাউজের পক্ষ থেকে বন্ড লাইসেন্স পাওয়ার অপেক্ষায় আছে।



চট্টগ্রাম অব-ডক স্থাপনার মতই অনেকটা অত্র নৌ-টার্মিনালটির কন্টেইনার ফ্রেইট ষ্টেশনের জন্য আমদনি ও রপ্তানীর মালামাল উঠানামানোর নিমিত্তে প্রয়োজনীয় যন্ত্রপাতি সহ বন্ডের গুদামের সুবিধাদি থাকবে এবং খালি কন্টেইনার সংরক্ষনের সুবিধাদি ও থাকবে। এ ছাড়াও অত্র কোম্পানী চট্টগ্রাম বন্দর থেকে কন্টেইনার আনা নেওয়ার জন্য বিশেষ ধরনের জাহাজের ব্যবস্থা করবে। অত্র টার্মিনালটির কার্যক্রম শুরু হলে প্রতিযোগীতামূলক ভাবে রপ্তানী ও আমদানীকারকদের মালামাল সাশ্রয়ী মূল্যে নদীপথে পরিবহন করতে এবং ইতিমধ্যে অত্যধিক যানজটে নিমজ্জিত ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের উপর চাপ কমাতে সাহায্য করবে। নেদারল্যান্ডের এফ এম ও এবং বাংলাদেশের ইডকল স্বল্প সুদে ঋণের মাধ্যমে অত্র প্রকল্পে অর্থায়ন করছে। ইতিমধ্যে অত্র কোম্পানী ঋনের প্রথম ভাগের ১৭.৫ মিলিয়ন মার্কিন ডলারের সমতুল্য অর্থ পেয়েছে। যা দিয়ে প্রকল্পের ভৌত অবকাঠামোর নির্মান, মালামাল সঞ্চালনের যন্ত্রপাতি ক্রয় ও জাহাজ ক্রয়ের ব্যয় সংকুলান করা হবে। ঋণের দ্বিতীয় ভাগের অর্থ ১৩.০১ মিলিয়ন মার্কিন ডলার চারটি জাহাজ ক্রয়ের ব্যয় সংকুলান করা হবে।

এসএপিএল (SAPL) এর দুটি সহকারী প্রতিষ্ঠান নিম্নরূপ:

- সেমকর লিমিটেড: এসএপিএল (SAPL), কোম্পানীর প্রতিটির ১০ টাকা মূল্যের ১৭,৫৮,৩০০.০০ সাধারন শেয়ারের ০৪ টি ব্যতিত সকল শেয়ারের সত্তাধীকারী। সেমকর একটি প্রাইভেট লিমিটেড কোম্পানী যেটি ওয়াহীদ স্পিনিং মিলস্ লিমিটেড (WSML) এর ১০০% শেয়ারের মালিক যা এর উদ্যোগতাদের কাছ থেকে ১৯৯৯ সালের ১৯ সেপ্টেম্বর ক্রয় করে নেয়। ওয়াহীদ স্পিনিং মিলস্ লিমিটেড (WSML) একটি প্রাইভেট লিমিটেড কোম্পানী যা কোম্পানী আইন ১৯৯৪ অনুসরণে ১৯৯৯ সালের ৬ই সেপ্টম্বর নিবদ্ধিত হয়। সেমকর ও তার সহকারী প্রতিষ্ঠান (WSML) একত্রে মুন্সিগঞ্জ জেলার মুক্তারপুরে ধলেশ্বরী নদীর তীরে ১৫ একর জমির উপর একটি নৌ-টার্মিনাল উন্নয়নের কাজ শুরু করেছে। কিন্তু পরবর্তী কালে, এপ্রিল ২০১৩ তে উপরোল্লেখিত জমি (যতটুকু উন্নয়ন সাধিত হয়েছে ততটুকু সহ) এসএপিএল এর নিকট বিক্রি করা হয়। বর্তমানে এসএপিএল (SAPL) সেই উন্নয়ন কার্যক্রম চালিয়ে যাচ্ছে এবং জুন ২০১৪ এর মধ্যে জাহাজ ও অন্যান্য সরজ্ঞামাদি ক্রয়সহ Project Infrastructure প্রস্তুতের পরিকল্পনা করা হয়েছে এবং আশা করা যাচ্ছে আইন ও বিধিবিধানগত দাবি দাওয়া সম্পাদনের পর ২০১৪ সালের জুলাই এর দিকে প্রকল্পটির আনুষ্ঠানিক কার্যক্রম শুরু করা হয়েছে।
- সিটিএসএল (CTSL) একটি প্রাইভেট লিমিটেড কোম্পানী যা কোম্পানী আইন ১৯৯৪ অনুসরণে ২০১৩ সালে ২৫ নভেম্বর গঠিত হয় যার নিরানব্বই ভাগ শেয়ার এসএপিএল (SAPL) ধারন করে যার প্রধান মুখ্য উদ্দেশ্য হবে আমদানী/রপ্তানীকৃত কন্টেইনার চট্টগ্রাম বন্দর ও অন্যান্য ডিপোর মধ্যে আনা-নেয়া করা। কোম্পানী সে লক্ষ্যে ৩০টি প্রাইম মুভার এবং সমসংক্ষক ট্রেলার আমদানী করে এবং ২০১৪ সালের মার্চ মাসের শেষ প্রান্তিকে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা শুরু করেছে।



## আর্থিক কার্যক্রম ও ফলাফল:

নিচে গত বছরের তুলনায় খাত অনুযায়ী আর্থিক ফলাফলের বিস্তারিত বিবরণ নিম্নে তুলে ধরা হলো:

হাজার টাকা

| বিবরণ | ২০১৫<br>একীভুত অবস্থার বিবরণ<br>মোট | ২০১৪<br>পুনঃ নিবেদিত একীভুত অবস্থার বিবরণ<br>মোট |
|---|---|---|
| আয় | ১,০১৯,৭৮৭ | ৮৮১,৭১৮ |
| সেবা ব্যয় (পরিচালন ব্যয়) | (৬৫৮,১৯৫) | (৫৬২,৮৮৪) |
| মোট লাভ | ৩৬১,৫৯২ | ৩১৮,৮৩৪ |
| প্রশাসনিক ও বিপনন পেশন ব্যয় | (১২০,৫৮২) | (১১০,০৪০) |
| পরিচালন মুনাফা | ২৪১,০১০ | ২০৮,৭৯৪ |
| অন্যান্য আয় | ২৮৫২ | ১৬৫৬ |
| শেয়ার বিক্রি বাবদ মূলধন ক্ষতি | (১২,৮৪৮) | - |
| বাদ: আর্থিক ব্যয় | (২১,৪২৫) | (১৪,৫৫৮) |
| বাদ: বেনিফিসারিজ প্রফিট পার্টিসিপেশন এর লভ্যাংশের ভাগ | (১০,৪০৩) | (৯,৮৪৮) |
| কর পূর্ববর্তী মুনাফা | ১৯৯,১৮৬ | ১৮৬,০৪৪ |
| আয়কর সঞ্চিতি | (৩৬,৪০২) | (৫১,৫০৯) |
| বাদঃ ডেফার্ড ট্যাক্স প্রভিশন | (১৩,২০৪) | (১৬,২৮৭) |
| কর পরবর্তী নীট মুনাফা | ১৪৯,৫৮০ | ১১৮,২৪৮ |

বণ্টনযোগ্য মুনাফার কথা বিবেচনা করে কোম্পানীর পরিচালকবৃন্দ ৩১ ডিসেম্বর ২০১৫ পর্যন্ত কোম্পানীর আর্থিক ফলাফল পরিবেশন ও এর সুষ্ঠ বণ্টন /সুপারিশ করেছে তার উপস্থাপন নিম্নে করা হলো:

মুনাফার বণ্টন: হাজার টাকা

| | | ২০১৫ |
|---|---|---|
| ৩১ ডিসেম্বর ২০১৫ পর্যন্ত সঞ্চিত মুনাফা (২০১৫ সনের আর্থিক বিবরণী নোট - ১৫) | | ২৪৫,৬৭৫ |
| বাদ: ২২ ফেব্রুয়ারী ২০১৫ ইং তারিখে অনুষ্ঠিত মুনাফা বন্টনের সুপারিশ অনুযায়ী ২০১৫ সনের লভ্যাংশ : | | |
| • নগদ লভ্যাংশ : নাই (২০১৪: ১০%) | - | |
| • ষ্টক লভ্যাংশ: ১০% (২০১৪: ৫%) | ১৭১,৭৬২ | ১৭১,৭৬২ |
| অবশিষ্টাংশ | | ৭৩,৯১৩ |

## লভ্যাংশ:

কোম্পানীর পরিচালনা পর্ষদ ১০% স্টক লভ্যাংশ সুপারিশ করেছেন অর্থাৎ আগামীতে অনুষ্ঠিতব্য ১২তম বার্ষিক সাধারন সভার অনুমোদন সাপেক্ষে ২২ ফেব্রুয়ারী ২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ অনুযায়ী ২১ মার্চ ২০১৬ তারিখে নির্ধারিত রেকর্ড তারিখে যে সকল শেয়ারহোল্ডারের নাম সিডিবিএল রেকর্ডে উল্লেখ থাকবে তাঁরা প্রতি ১০টি শেয়ারের বিপরীতে ১টি শেয়ার পাবেন।

## ব্যবস্থাপনা পরিস্থিতি আলোচনা এবং বিশ্লেষন:

### বিদ্যমান শিল্পের দৃষ্টিভংগী এবং সম্ভাব্য ভবিষ্যৎ উন্নয়ন

অফ-ডক শিল্পটি দেশের বানিজ্য কার্যক্রমের সাথে সরাসরি যুক্ত হওয়ার কারনে ২০১৫ সনেও ধারাবাহিক ভাবে ৯.৪৬% উচ্চ প্রবৃদ্ধি অর্জন করেছে। রপ্তানী খাতের প্রবৃদ্ধি যার বেশির ভাগই পোশাক খাতের সাথে সম্পৃক্ত, ২০১৫ তে মাত্র ২.২৩% হয়েছে।পক্ষান্তরে একই সময়ে আমদানী খাতের প্রবৃদ্ধি অর্জিত হয়েছে ২৬.৬%।

আমদানী খাতে এই উচ্চহারে প্রবৃদ্ধি অর্জনের কারন চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ৮টি অতিরিক্ত পণ্যের সরকারী নিয়ন্ত্রন থেকে অব্যাহতি। যার ফলে আমদানীযোগ্য পণ্যের আইটেম সংখ্যা দাড়ায় সর্বমোট ৩৭টি যার পুরোটাই অফ-ডক এর মাধ্যমে আনস্টাফিং সম্পন্ন হয়েছে।

চট্টগ্রাম কেন্দ্রীক অফ-ডক শিল্পে ইতিমধ্যে ভৌত অবকাঠামোর প্রভুত উন্নয়ন ও বিস্তৃতি লাভ করেছে। পাশাপাশি অভিজ্ঞ ব্যবস্থাপনার বদৌলতে ইতিমধ্যে অর্জিত ব্যাপক সামর্থ বৃদ্ধির ফলে দেশের বানিজ্য পরিচালনা ও নিরবিচ্ছিন্ন ব্যবস্থার গতিধারা এগিয়ে চলেছে এবং এর ভিত্তিতে আমরা জোর দিয়ে বলতেপারি যে, ঢাকার পারিপার্শে নৌ-পথে কন্টেইনার ব্যবস্থাও ক্রমান্বয়ে ভবিষ্যতে অধিক গুরত্ব পাবে। সরকারী মালিকানাধীন পানগাঁও অভ্যন্তরীন নৌ-কন্টেইনার টার্মিনালের বানিজ্যিক কার্যক্রম সম্প্রতি শুরু হয়েছে এবং মুন্সিগঞ্জ জেলার মুক্তাপুরস্থ সামিট এলায়েন্স পোর্ট লিমিটেড এর নৌ-টার্মিনালটি খুব শিঘ্রইচালু হবে। এর ফলে ঢাকা ও বৃহত্তর ঢাকা কেন্দ্রিক দেশের আমদানী ও রপ্তানী বানিজ্যের বৃহদাংশের সাথে সংশ্লিষ্ট সকল ব্যবসায়ী কে বিরাট সুবিধা প্রদান করবে।

### আর্থিক সাফল্যের কার্যক্রম

২০১৫ সনে প্রতিষ্ঠানটির মোট পরিচালন আয়ের পরিমান ১০১৯.৪ মিলিয়ন টাকা যার পূর্বের বছর ছিল ৮৮১.৭ মিলিয়ন টাকা। ২০১৫ সালে এই প্রবৃদ্ধি পূর্ববর্তী বছরের তুলনায় ১৫.৭% ।

### পরিচালন বহির্ভূত লাভ/ক্ষতি ?

এ বছর পরিচালন বহির্ভূত কোন লাভ ছিলনা। তবে আর্থিক বিবরনীতে মূলধনী ক্ষতি হিসাবে ১২.৮ মিলিয়ন টাকা দেখানো হয়েছে যা শেয়ার বিক্রয়ের কারনে সংঘটিত, ফলে নীট মুনাফা হ্রাস পেয়েছে।

- **পরিচালক মন্ডলী ও উপস্থিতি**

২০১৫ সনের ৩১ ডিসেম্বর পর্যন্ত পরিচালক পর্ষদের ০৭ (সাত) টি সভা অনুষ্ঠিত হয়েছে। পরিচালক মন্ডলীর নাম ও সভায় তাদের উপস্থিতির বিবরণ নিন্মে প্রদান করা হলঃ

| পরিচালকদের নাম | উপস্থিতি |
|---|---|
| জনাব মোহাম্মদ আজিজ খাঁন | ০৭ |
| জনাবা আঞ্জুমান আজিজ খাঁন | ০৪ |
| জনাব জওহর রিজভী | ০৭ |
| জনাব আবদুল মূয়ীদ চৌধুরী | ০৭ |
| জনাব লুতফে মওলা আইয়ুব | ০৬ |
| জনাব এডভোকেট ইমতিয়াজ মাহমুদ | ০৬ |
| জনাব লতিফ খাঁন | ০৭ |
| জনাবা আয়শা আজিজ খাঁন | ০৫ |
| জনাবা আজিজা আজিজ খাঁন | ০৬ |
| জনাব ফয়সাল করিম খাঁন | ০৩ |
| জনাব ইয়াসের রিজভী | ০৪ |
| জনাব নাসের রিজভী | ০৬ |
| জনাব সৈয়দ ফজলুল হক | ০৭ |
| ক্যাপ্টেন আসিফ মাহমুদ | ০৭ |

যে সকল পরিচালক সভায় উপস্থিত হতে পারেন নি তাদের অনুপস্থিতির জন্য ছুটি মঞ্জুর করা হয়েছে।

## পরিচালক মন্ডলীর নির্বাচন ও পুনঃনিয়োগ:

কোম্পানী সংঘ স্মারকের ৪২ নং অনুচ্ছেদ অনুযায়ী জনাবা আয়েশা আজিজ খাঁন, জনাবা আজিজা আজিজ খাঁন এবং ক্যাপ্টেন আসিফ মাহমুদ পালাক্রমে ১২তম বার্ষিক সাধারন সভায় অবসর গ্রহন করবেন এবং যোগ্যতার ভিত্তিতে পুনঃনিয়োগের প্রস্তাব করা হয়েছে।

## নিরিক্ষা কমিটিঃ

**নিরীক্ষা কমিটি নিম্নলিখিত বোর্ড সদস্য দ্বারা গঠিত হবে:**

| | | |
|---|---|---|
| ০১ জনাব আবদুল মূয়ীদ চৌধুরী | স্বাধীন পরিচালক | সভাপতি |
| ০২ জনাব লুতফে মওলা আইয়ুব | স্বাধীন পরিচালক | সদস্য |
| ০৩ জনাব ইয়াসের রিজভী | পরিচালক | সদস্য |
| ০৪ জনাবা আয়শা আজিজ খাঁন | পরিচালক | সদস্য |
| ০৫ জনাবা আজিজা আজিজ খাঁন | পরিচালক | সদস্য |
| ০৬ ক্যাপ্টেন আসিফ মাহমুদ | পরিচালক | সদস্য |

চলতি বছরে নিরীক্ষা কমিটির ৫ (পাঁচটি) সভা অনুষ্ঠিত হয়।

## বিধিবদ্ধ নিরীক্ষকঃ

১১ তম বার্ষিক সাধারন সভায় ২০১৫ সনের ৩১ ডিসেম্বর পর্যন্ত বিধিবদ্ধ নিরীক্ষক হিসেবে এ কাসেম এন্ড কোং চার্টার্ড একাউন্টট্যান্ট হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। তারা এস এফ আহমেদ এন্ড কোং চার্টার্ড একাউন্টট্যান্স এর স্থলাভিষিক্ত হবেন। এ কাসেম এন্ড কোং পরবর্তী বছরে কাজ চালিয়ে যাবার জন্য আগ্রহ প্রকাশ করেছেন। আসন্ন ১২তম বার্ষিক সাধারন সভার অনুমোদন সাপেক্ষে নিরীক্ষা কমিটি এ কাসেম এন্ড কোং কে কোম্পানীর বিধিবদ্ধ নিরীক্ষক হিসেবে পরবর্তী অর্থ বছরে কাজ করার জন্য নিরীক্ষা কমিটি পুনঃ নিয়োগের সুপারিশ করেছেন এবং পরবর্তী ১৩ তম বার্ষিক সাধারন সভা অনুষ্ঠিত না হওয়া পর্যন্ত কাজ চালিয়ে যাবার জন্য পরিচালক পর্ষদ প্রস্তাব করেছেন।

## ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণঃ

১৯৮৬ সনের এপ্রিল মাসে ওসেন কন্টেইনার লিমিটেড বেসরকারী পর্যায়ে প্রথম অফ-ডক হিসেবে বানিজ্যক কার্যক্রম শুরু করে। বর্তমানে অত্র কোম্পানীটি তার মূল কোম্পানীতে একত্রিত হয়েছে। আপনাদের পরিচালনা পর্ষদ অবিরতভাবে কোম্পানীর সেবা প্রদান ও প্রত্যহিক কার্যক্রমের মান এবং সেবার মান উন্নয়নে নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে যা সম্মানিত গ্রাহকদের বিশ্বাস ও উত্তোরোত্তর আস্থা অর্জনে ভুমিকা পালন করে। বর্তমানে আপনাদের এই কোম্পানীর মালিকানায় ৭৮.৫০ একর নিস্কন্টক ভূমি রয়েছে এবং আমদানী ও রপ্তানী কন্টেইনার যোগ্য পণ্য পরিচালনের জন্য ৪,৯০,০০০ (চার লক্ষ নব্বই হাজার) বর্গফুটের সংবক্ষন সুবিধা নির্মান করেছে। খালি কন্টেইনারের অতিরিক্ত চাহিদা মিটানোর জন্য চার একর জায়গার উপর নুতন ইয়ার্ড নির্মান কাজ চলছে। আপনাদের কোম্পানীর গ্রাহক সমাবেশ অনেক বিশাল এবং তাদের উত্তোরোত্তর সম্প্রসারণশীল বাণিজ্যের চাহিদা পূরণ করতে এবং সর্বোপরি আরো নুতন গ্রাহককে সন্নিবেশ করতে আপনাদের বোর্ড জোর প্রচেষ্টা চালিয়ে যাবে।

২০১৫ সনে উল্লেখযোগ্য অগ্রগতি হল যে ওয়ারহাউজ ব্যবস্থাপনা পদ্ধতির প্রচলন যার ফলে সমিট এলায়েন্স পোর্ট লিমিটেডের ভাড়া ভিত্তিক আয়ে নুতন রাজস্ব খাত উন্মোচিত হয়েছে। আরো উল্লেখ্য যে, বিশ্বের নামকরা বৃহৎ কোম্পানী যথা ড্যামকো, এপিএল লজিষ্টিকস্ এবং কুহনে+নাগেল এর সাথে

অনুকুল শর্তে চুক্তির নবায়ন এবং উপরোক্ত কোম্পানী সমূহের বাণিজ্যিক সম্প্রসারণের সকল চাহিদা পূরণে আপনাদের এই কোম্পানী অংগীকার করছে।

অত্র কোম্পানীর মুক্তারপুরস্থ নৌ-টার্মিনালের কাজ সমাপ্ত হয়েছে। আশাকরা যায় ২০১৬ সনের প্রথম ভাগে পরীক্ষামূলকভাবে চালু করা সম্ভব হবে। অত্র টার্মিনালটি চালু হলে সামিট এলায়েন্স পোর্ট লিমিটেডের বানিজ্যিক/ ব্যবসায়িক কার্যক্রমই তাৎপর্য্যপুর্ন ভাবে শুধু সম্প্রসারিত হবে না, কোম্পানী লাভ এবং রাজস্ব আদায়ের অবস্থাও উন্নত হবে। আবার অন্যদিকে ঢাকা কেন্দ্রীক আমদানী ও রপ্তানীকারক ব্যবসায়ীদের একটি আকর্ষনীয় বিকল্প ব্যবস্থাও উন্মোচিত হবে যারা এতদিন অত্যধিক যানযটে নিমজ্জিত ঢাকা চট্টগ্রাম ব্যস্ত মহাসড়কের উপর নির্ভর করতেন। বাংলাদেশ ও ভারত সরকারের সাথে সম্প্রতি সম্পাদিত সমুদ্র উপকুল প্রোটোকল চুক্তিও দুই দেশের নদীপথ ব্যবহার ও অভ্যন্তরীন টার্মিনালের মাধ্যমে বহির্বাণিজ্যের জন্য পণ্য পরিবহন একটি শক্তিশালী বানিজ্য সুবিধার দ্বার উন্মোচিত হবে।

## চলমান ব্যবসা নীতিঃ

অত্র আর্থিক বিবরণী অনুমোদনের প্রাক্কালে পরিচালকবৃন্দ কোম্পানীর তাৎপর্যপূর্ণ আর্থিক পরিচালন এবং অন্যান্য প্রভাব বিস্তারকারী উপাদান সমূহের যথাযথ অনুসন্ধান ও বিশ্লেষণ পূর্বক এই সিদ্ধান্তে উপনীত হয়েছেন যে কোম্পানী তার বর্তমান কার্যক্রম ভবিষ্যতেও অব্যাহত রাখতে সক্ষম হবে। চলমান ব্যবসা নীতি অনুসরণ করে অত্র বছরের আর্থিক বিবরণী সমূহ প্রস্তুত করা হয়েছে।

## কর্পোরেট গভারনেন্সঃ

কর্পোরেট গভারনেন্স হচ্ছে এমন একটি পদ্ধতি যেখানে কোম্পানীর যাবতীয় কার্যাবলী শেয়ার হোল্ডারদের প্রতি জবাবদিহিতার বিষয়টি বিবেচনায় রেখে পরিচালনা পর্ষদ কর্তৃক কোম্পানীগুলোকে নির্দেশনা, পরিচালনা এবং নিয়ন্ত্রণ করা হয়। কোম্পানী তার উপর প্রযোজ্য সকল প্রকার নিয়ম কানুন মেনে চলে এবং সর্বোচ্চ সেবার মান বজায় রেখে ব্যবসা পরিচালনা করছে।

যেহেতু কর্পোরেট গভারনেন্স কোনরূপ স্থির প্রক্রিয়া নয়, সেহেতু আমরা সবসময় উক্ত প্রক্রিয়াকে সময় উপযোগী করার চেষ্টা করি। কর্পোরেট গভারনেন্স বিষয়টি বার্ষিক প্রতিবেদনে আলাদা ভাবে প্রতিবেদন আকারে দেয়া হয়েছে।

## কর্পোরেট সামাজিক দ্বায়বদ্ধতাঃ

সমাজ ও পরিবেশের প্রতি দায়বদ্ধতার নিরিখে কোম্পানী ব্যবসায়িক কার্যক্রম পরিচালোনার জন্য অঙ্গীকারবদ্ধ। চলমান অঙ্গীকারের অংশ হিসেবে ভবিষ্যতেও কোম্পানী সমাজ এবং পরিবেশের উন্নয়নের স্বার্থে কার্যক্রম চালিয়ে যাবে।



## সামাজিক দায়বদ্ধতা পরিপালনের বাধ্যবাধকতাঃ

দি ইনিস্টিটিউট অব চার্টার্ড এ্যাকাউনটেন্টস অব বাংলাদেশ কর্তৃক গৃহীত আন্তর্জাতিক আর্থিক প্রতিবেদনের মান (আইএফআরএস) এবং অন্যান্য প্রযোজ্য নিয়মকানুন যা কোম্পানীর একটি নির্দিষ্ট সময়ের কার্যকলাপ এবং আর্থিক অবস্থার উপস্থাপনের জন্য অত্যাবশ্যক। নিম্নোক্ত অত্যাবশ্যকীয় বিষয়গুলো বিবেচনায় রেখে অত্র কোম্পানীর আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়েছে:

১. উপযুক্ত হিসাব রক্ষণ পলিসি নির্বাচন এবং উহাদের সামঞ্জস্যপূর্ণভাবে অনুসরণ।
২. কোন বিষয়ে বিচার বিশ্লেষণ ও মূল্যায়ন হতে হবে যুক্তি সংগত ও প্রজ্ঞা সম্পন্ন।
৩. আর্থিক প্রতিবেদন সমূহ বাংলাদেশ ফাইনান্সিয়াল রিপোর্টিং ষ্ট্যান্ডার্ড এবং প্রযোজ্য অন্যান্য আইন কানুন অনুসরণ করে প্রস্তুত করণ।
৪. চলমান ব্যবসা নীতি অনুসরণ করে আর্থিক বিবরণী প্রস্তুত করণ।

কমিশনের নটিফিকেশন নং : এসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/১৩৪/প্রশাসন/৪৪ তারিখ: ০৭-০৮-২০১২ইং অনুযায়ী এই বাধ্যবাধকতার উপর একটি স্টেটাস প্রতিবেদন সংযুক্তি-১ এ যুক্ত করা হল।

## মানব সম্পদ ব্যবস্থাপনাঃ

সাধারন মানুষই সবচেয়ে গুরুত্বপূর্ণ সম্পদ এবং যেকোন প্রতিষ্ঠানের সাফল্যের জন্য ইহা একটি মূল চাবিকাঠি। কোম্পানীতে নিয়োজিত কর্মীদের দক্ষতা উন্নয়নে কোম্পানী যথেষ্ট গুরুত্ব দিচ্ছে এবং তাদেরকে আমরা বিভিন্ন কোর্স ও ওয়ার্কশপে প্রশিক্ষনের জন্য দেশে বিদেশে প্রেরনের চেষ্টা করি। এছাড়াও তাদের নিজ নিজ কর্মক্ষেত্রে দক্ষতা উন্নয়নের জন্য কোম্পানীর অভ্যন্তরেও প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহণ করা হয়।

## কৃতজ্ঞতা স্বীকারঃ

অত্র কোম্পানীর মূল্যবাণ গ্রাহকগণ আমাদের উপর আস্থা ও বিশ্বাস স্থাপন করেছেন যা আমাদের কর্মশক্তি। এই অবস্থাকে আমরা পরম শ্রদ্ধার সাথে গ্রহণ করছি এবং তাদের প্রত্যাশা অনুযায়ী প্রচেষ্টা চালিয়ে যাবো। পরিচালনা পর্ষদ অন্তরের অন্তঃস্থল থেকে সকল ষ্টেক হোল্ডার যথা বিনিয়োগকারী গ্রাহক, সরবরাহকারী, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, ইন্স্যুরেন্স কোম্পানী, সেবা প্রদানকারী, বিএসইসি, রেজিষ্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ, সিডিবিএল, সিএসই, ডিএসই ও বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান এর নিকট কৃতজ্ঞতা জানাচ্ছে। যাদের সর্বাত্নক সাহায্য সহযোগীতায় আজ আমরা এতদূর এগিয়ে এসেছি।

আপনাদের পরিচালকগণ প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের অবদানের কথা গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করছে। তাদের ব্যক্তিগত ও যৌথ অবদান কোম্পানীকে বর্তমান অবস্থানে আনতে সহায়তা করেছে। পরিচালনা পর্ষদ কোম্পানীর কর্মকর্তা - কর্মচারীদের পরিবারবর্গের আন্তরিক সহযোগীতার কথাও স্বীকার করছে যার ফলে কর্মকর্তা-কর্মচারীগণ মনোযোগের সহিত তাদের দায়িত্ব পালনে সক্ষম হচ্ছেন।

আমরা আশা করছি আগামীতে অনুষ্ঠিতব্য ১২তম বার্ষিক সাধারণ সভায় আপনাদের সকলের সাথে দেখা হবে ।

পরিচালনা পর্ষদের পক্ষে

**জওহর রিজভী**
ব্যবস্থাপনা পরিচালক